গত ০৭-০৫-২০১৮খ্রিঃ সোমবার বেলা ১৫.০০ ঘটিকায় ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত ঢাকা মহানগরীর রমনা/লালবাগ/ওয়ারী/মতিঝিল/ মিরপুর/তেজগাঁও/গুলশান/উত্তরা বিভাগের এপ্রিল, ২০১৮খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও গণধর্ষণ মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তে মনিটরিং সেলের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

তারিখ ঃ ০৭-০৫-২০১৮ খ্রিঃ ।

সময় ঃ ১৫.০০ ঘটিকা।

স্থান ঃ ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষ (৩য় তলা)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে) ঃ

১.	জনাব কৃষ্ণ পদ রায় বিপিএম, পিপিএম (বার), অতিরিক্ত-পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্) ।
২.	জনাব শেখ নাজমুল আলম বিপিএম(বার),পিপিএম(বার), যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম) ।
৩.	জনাব মুনতাসিরুল ইসলাম, উপ-পুলিশ কমিশনার (ক্রাইম) ।
৪.	জনাব মীর মোদ্দাছ্ছের হোসেন, উপ-পুলিশ কমিশনার (সিরিয়াস ক্রাইম এন্ড ইনভেস্টিগেশন) ।
৫.	জনাব মোহাম্মদ আনিসুর রহমান, উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন) ।
৬.	জনাব মুহাম্মদ হাবিবুন নবী আনিছুর রশিদ, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা পশ্চিম) ।
৭.	জনাব রুবাইয়াত জামান, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ক্রাইম) ।
৮.	জনাব ইশতিয়াক হাসান আমীন, সিনিয়র এসি (ক্রাইম) ।
৯.	জনাব মোঃ আশরাফুল করিম, এসি (বাড্ডা জোন) ।
১০.	জনাব মোঃ জাহাঙ্গীর আলম, এসি (দারুসসালাম জোন) ।
১১.	জনাব নাদিয়া জুঁই, এসি (খিলগাঁও জোন) ।
১২.	জনাব মোহাম্মদ মহিদুর রহমান, এসি (সবুজবাগ জোন) ।
১৩.	জনাব ইমতিয়াজ মাহবুব, এসি (ডিবি-পূর্ব) ।
১৪.	জনাব মৃত্যুঞ্জয় দে সজল, এসি (মোহাম্মদপুর জোন) ।
১৫.	জনাব মোঃ ইহসানুল ফিরদাউস, এসি (রমনা জোন) ।
১৬.	জনাব মোঃ বদরুল হাসান, এসি (কোতয়ালী জোন) ।
১৭.	জনাব আহসানুজ্জামান, এসি (ডিবি-দক্ষিণ) ।
১৮.	জনাব সৈয়দ মামুন মোস্তফা, এসি (মিরপুর জোন) ।
১৯.	জনাব মোঃ আহসান খান, এসি (ধানমন্ডি জোন) ।
২০.	জনাব ইফতেখায়রুল ইসলাম পিপিএম-সেবা, এসি (ডেমরা জোন) ।
২১.	জনাব মোঃ সামসুজ্জামান, এসি (ওয়ারী জোন) ।
২২.	জনাব ফয়সাল মাহমুদ, এসি (শ্যামপুর জোন) ।
২৩.	জনাব তাপস কুমার দাস, এসি (ক্যান্টনমেন্ট জোন) ।
২৪.	জনাব মিশু বিশ্বাস, এসি (মতিঝিল জোন) ।

এছাড়াও সভায় সংশ্লিষ্ট থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ও মামলার তদন্তকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মামলার সুষ্ঠু তদন্ত নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়। আলোচিতব্য প্রতিটি মামলার তদন্তকারী অফিসারকে বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়।

১। হাজারীবাগ থানার মামলা নং ০৮, তাং ০৫/০৪/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত মূল আসামী শাওনকে জামালপুর থেকে গ্রেফতারসহ মোট ০৪ জন কে গ্রেফতার করা হয়েছে। মূল আসামী শাওন বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ঘটনায় হত্যাকান্ডে ব্যবহৃত চাকু জব্দ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত শুধু মূল আসামীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২। হাজারীবাগ থানার মামলা নং ৩৮, তাং ২৫/০৪/১৮খ্রিঃ ধারাঃ ৩৪১/৩২৬/৩০৭/৩০২/৩৪ পিসি।

[**আলোচনা ঃ** অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিমকে ছুরি দ্বারা আঘাত করে হত্যার ঘটনা। অত্র মামলার তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত মূল আসামীদের গ্রেফতারপূর্বক মামলার মূল রহস্য উদঘাটন করার নির্দেশ প্রদান করা হয়।
(২) অত্র মামলার তদন্তভার সিরিয়াস ক্রাইম ইনভেস্টিগেশন বিভাগে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩। চকবাজার থানার মামলা নং ২৫, তাং ১২/০৪/১৮খ্রিঃ ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে কিল-ঘুষি ও দেয়ালের সাথে ধাক্কা দিয়ে আঘাত করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত এজাহারনামীয় আসামীদের গ্রেফতার করা সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত আসামীদের দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪। সবুজবাগ থানার মামলা নং ১২, তাং ০৯/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার অজ্ঞাতনামা ভিকটিমের লাশ সনাক্ত করা হয়েছে। মামলার ঘটনায় জড়িত মূল আসামীসহ ০৪ জনকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০১ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি তদন্তভার ডিবি হতে পুনরায় থানা পুলিশের নিকট হস্তান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৫। খিলগাঁও থানার মামলা নং ২৭, তাং ১৩/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত এজাহারনামীয় ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। তার জবানবন্দি মোতাবেক ঘটনায় জড়িত আরো ০৪ জন আসামীর সংশ্লিষ্টতা পাওয়া গেছে।

সিদ্ধান্ত ঃ (১) পলাতক অন্যান্য আসামীদের গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৬। ওয়ারী থানার মামলা নং ০২, তাং ০৩/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক অজ্ঞাতনামা ভিকটিমকে ধারালো ছুরি দ্বারা গলার কন্ঠনালী কেটে হত্যার ঘটনা। নির্বাচন কমিশনের মাধ্যমে ভিকটিমের ফিঙ্গার প্রিন্ট সংগ্রহপূর্বক ভিকটিমকে সনাক্ত করা হয়েছে। ঘটনায় জড়িত ০৫ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০২ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৭। ওয়ারী থানার মামলা নং ০৮, তাং ০৬/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ১৮৬/৩৫৩/৩৩২/৩৩৩/৩০৭/৩০২/৩৪পিসি।

আলোচনা ঃ অত্র মামলাটি আসামীদের সাথে পুলিশের বন্দুক যুদ্ধের ঘটনা।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৮। যাত্রাবাড়ী থানার মামলা নং ৫৭, তাং ১২/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক অজ্ঞাতনামা মহিলা ভিকটিমকে হত্যা করে লাশ ট্রাভেল ব্যাগের ভেতর রেখে পালিয়ে যাওয়ার ঘটনা। লাশ সনাক্ত করার জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহন করেও ভিকটিমের পরিচয় সনাক্ত করা সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ (১) ভিকটিমের পরিচয় সনাক্তপূর্বক হত্যাকান্ডের মূল রহস্য উদঘাটন করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৯। যাত্রাবাড়ী থানার মামলা নং ৮৬, তাং ১৯/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ১৪৩/৩৪১/৩২৩/৩২৬/৩০৭ পরবর্তীতে সংযোজিত ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি আম পাড়াকে কেন্দ্র করে কথা কাটাকাটির এক পর্যায়ে ভিকটিমকে সুইস গিয়ার চাকু দিয়ে তলপেটে আঘাত করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত মূল আসামী হৃদয় ও ফরহাদকে গ্রেফতার করা হয়েছে। তারা ০২ জনই বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১০। মোহাম্মদপুর থানার মামলা নং ৫২, তাং ১৪/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ভিকটিম ও আসামী উভয়ই মাদ্রাসার ছাত্র। তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে কথা কাটাকাটির এক পর্যায়ে ভিকটিমকে চাকু দিয়ে পেটে আঘাত করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত মূল আসামী হামিদকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। হত্যাকান্ডে ব্যবহৃত চাকু জব্দ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১১। মিরপুর মডেল থানার মামলা নং ২৫, তাং ১০/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি স্বামী কর্তৃক স্ত্রীকে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত ঘাতক স্বামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১২। পল্লবী থানার মামলা নং ০২, তাং ০২/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে , অত্র মামলার ঘটনায় এজাহারনমীয় ০১ জন ও সন্দিগ্ধ ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। মামলার মূল আসামী সূচি ইমরানকে গ্রেফতারের অভিযান অব্যাহত রয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মূল আসামীদের গ্রেফতারপূর্বক হত্যাকান্ডের মূল রহস্য উদঘাটন করার নির্দেশ প্রদান করা হয়।

(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৩। পল্লবী থানার মামলা নং ৩০, তাং ১৩/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনাঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক(তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিমকে হত্যা করে লাশ ঝিলের পানিতে ফেলে দেয়ার ঘটনা। সন্দিগ্ধ ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ০২ জন আসামী চিহ্নিত করা হয়েছে তবে গ্রেফতার করা সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ (১) মূল আসামীদের গ্রেফতারপূর্বক হত্যাকান্ডের মূল রহস্য উদঘাটন করার নির্দেশ প্রদান করা হয়।

(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৪। কাফরুল থানার মামলা নং ৪২, তাং ২৫/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ভিকটিম ও আসামী উভয়ই মাদকাসক্ত। ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। হত্যাকান্ডে ব্যবহৃত চাকু জব্দ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৫। বাড্ডা থানার মামলা নং ১৯, তাং ১৯/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি তদন্ত শেষে বিজ্ঞ আদালতে চূড়ান্ত রিপোর্ট দাখিল করা হয়েছে।

১৬। বাড্ডা থানার মামলা নং ২৩, তাং ২১/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/২০১/১০৯/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক শিশু আউসার(১২)কে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত ০২ জন আসামীকেই গ্রেফতার করা হয়েছে। তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৭। বাড্ডা থানার মামলা নং ২৭, তাং ২৪/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ১৪৩/১৪৪/১৪৫/ ৩২৩/৩২৫/৩২৬/৩০৭/৩০২/ ১০৯/৩৪/৫০৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ইউনিয়ন পরিষদ অফিসে ঢুকে ভিকটিমকে পিটিয়ে হত্যার ঘটনা। মামলার ২৭ জন আসামী আদালতে আত্মসমর্পণ করেছে। তন্মধ্যে ০৩ জন আসামীকে জেল হাজতে প্রেরণ করে বাকিরা জামিনে রয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৮। দক্ষিণখান থানার মামলা নং ৫৩, তাং ২৯/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি ডিবি উত্তর বিভাগে হস্তান্তর করা হয়েছে। মামলার ঘটনায় জড়িত ০২ জন আসামীকে ময়মনসিংহ থেকে গ্রেফতার করা হয়েছে। তারা ঘটনায় জড়িত থাকার কথা স্বীকার করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৯। যাত্রাবাড়ী থানার মামলা নং ০৪, তাং ০১/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯৫/৩৯৭ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি ডিবি পুলিশ পরিচয়ে গাড়ি থামিয়ে ০১টি শটগান ও কার্তুজ ডাকাতির ঘটনা। মামলার ঘটনায় জড়িত ০৪জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ডাকাতি হওয়া শটগান ও কার্তুজ উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২০। কদমতলী থানার মামলা নং ৫২, তাংঃ ২২/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯৫/৩৯৭ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা দুষ্কৃতিকারী কর্তৃক অফিসে ঢুকে ভিকটিমদের হাত-পা ও মুখ বেঁধে ভল্ট ভেঙ্গে নগদ ৮,৭৯,৫৯৩/-টাকা ডাকাতির ঘটনা। ঘটনায় জড়িত সন্দেহে ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২১। শাহজাহানপুর থানার মামলা নং ১৪, তাং ০৮/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিমের বাসার জানালার গ্রীল ভেঙ্গে ভেতরে প্রবেশ করে স্বর্ণালংকার ছিনতাই করার ঘটনা। ঘটনায় জড়িত মূল ০৩ জন আসামীকে নরসিংদী জেলা হতে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০১ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। লুণ্ঠিত হওয়া স্বর্ণালংকার ও মোবাইল উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২২। সবুজবাগ থানার মামলা নং ১৬, তাং ১৬/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯২/৪১২ পিসি।

আলোচনা ঃ মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, র‌্যাব ০১ জন আসামীকে গ্রেফতার করে বাদীর এজাহারের প্রেক্ষিতে মামলাটি রুজু করা হয়। কিন্তু প্রাথমিক তদন্তে অত্র মামলার ঘটনাটি মিথ্যা বলে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৩। গেন্ডারিয়া থানার মামলা নং ১০, তাং ০৭/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিম (স্বর্ণ ব্যবসায়ী) কে ভয়-ভীতি প্রদর্শন করে ১০ লক্ষ টাকা ছিনতাইয়ের ঘটনা। সিসিটিভি ফুটেজ দেখে ঘটনায় জড়িত ০৫ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তারা সকলেই বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। লুন্ঠিত হওয়া ৪৫,০০০/-টাকা উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৪। কাফরুল থানার মামলা নং ৪৫, তাং ২৬/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি বিকাশের ডিস্ট্রিবিউটরকে পায়ে গুলি করে ২,৯১,০০০/-টাকা ছিনতাই করার ঘটনা। মামলা তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৫। ক্যান্টনমেন্ট থানার মামলা নং ০৮, তাং ১২/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯৪/৪১১ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি পিকআপযোগে আসামীরা এসে মাছ বোঝাই পিকআপ থামিয়ে মাছসহ পিকআপ ছিনতাই করার ঘটনা। ঘটনায় জড়িত ০২ জন আসামী কিশোরগঞ্জে মাছ সহ ধৃত হয়। টিআই প্যারেডে বাদী আসামীদেরকে সনাক্ত করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৬। রমনা মডেল থানার মামলা নং ০১, তাং ০১/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ১৪৩/৪৪৮/৩২৩/ ৩৬৫/৪২৭/৫০৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ভিকটিমকে পুলিশের সহায়তায় উদ্ধার করা হয়েছে এবং ঘটনায় জড়িত ০২ আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৭। কোতয়ালী থানার মামলা নং ২৮, তাং ১৭/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩৬৫/৩৮৫/১০৯/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, টাকা পয়সা নেলদেনের সূত্র ধরে অত্র অপহরণ ঘটনাটি সংঘটিত হয়।ভিকটিমকে উদ্ধার করা হয়েছে এবং ঘটনায় জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৮। মতিঝিল থানার মামলা নং ০৬, তাং ০৩/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩৬৫/৩২৩/৩৭৯ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিমকে জোরপূর্বক মাইক্রোবাসে উঠিয়ে টাকা ও আইফোন ছিনিয়ে নেওয়ার ঘটনা। ০১ জন আসামীকে গ্রেফতারসহ আইফোনটি উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) আইফোনের ক্রেতাদের সূত্র ধরে মূল আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৯। পল্টন মডেল থানার মামলা নং ০৫, তাং ০২/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ১৭০/৩৪২/৩৮৫/৩৮৬/৩৬৫/৪১১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলাটি সিআইডি পরিচয় দিয়ে ভিকটিমকে আটক করে নগদ টাকা ফোন ও এটিএম কার্ড ছিনিয়ে নিয়ে ১০ লক্ষ টাকা চাঁদা দাবি ও অপর ভিকটিমকে অপহরণ করে তুলে নিয়ে যাওয়ার ঘটনা। টহল পুলিশ কর্তৃক অত্র মামলার ঘটনায় ০৩ জন আসামী গ্রেফতার হয়েছে এবং ভিকটিম উদ্ধার হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩০। ওয়ারী থানার মামলা নং ১৮, তাং-১৩/০৪/২০১৮খ্রিঃ ধারাঃ ১৪৩/৩৪১/৩৬৫/১০৯/৫০৬(২)

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলায় ০১ জন আসামী গ্রেফতার হয় ও ভিকটিম সেচ্ছায় আদালতে হাজির হয়। মামলার ঘটনা মিথ্যা বলে প্রতিয়মান হয়।

সিদ্ধান্ত ঃ (১) বাদীর বিরুদ্ধে দঃ বিঃ ২১১ ধারায় প্রসিকিউশন দাখিল করার নির্দেশ প্রদান করা হয়।

(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩১। কদমতলী থানার মামলা নং ৪৩, তাং ১৮/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩৬৫/৩২৩/৩৮৭/৩৮৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় র‌্যাব কর্তৃক ০৪ জন আসামী গ্রেফতার হয়। ০৪ জন আসামীই বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩২। ডেমরা থানার মামলা নং ৩২, তাং ১৬/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩৬৫/৩২৩/ ৫০৬/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ভিকটিমকে উদ্ধার করা হয়েছে। ঘটনায় জড়িত ০৩ জন আসামীর মধ্যে ০২ জনকে গ্রেফতার করা হয়েছে এবং ০১ জন আসামী জামিনে আছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৩। মোহাম্মদপুর থানার মামলা নং ৫৩, তাং ১৪/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩৬৫/৩৮৬/৩২৩/৫০৬/১০৯ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ভিকটিমকে উদ্ধার করা হয়েছে। ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৪। মোহাম্মদপুর থানার মামলা নং ৫৪, তাং ১৪/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩৬৫/৩৮৫/৩৮৬/৫০৬/১০৯ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, মুক্তিপণের জন্য অত্র মামলার ভিকটিমকে অপহরণ করে হত্যা করা হয়েছে। ঘটনায় জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। তাদের স্বীকারোক্তি অনুযায়ী ভিকটিমের লাশের সন্ধান করা হচ্ছে। কিন্তু এখনো লাশ পাওয়া যায়নি।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৫। দারুসসালাম থানার মামলা নং ৩২, তাং ২২/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ৩২৩/৩৭৯/৩৮৬/৩৬৪/৩০৭/৫০৬/৩৪৭/১০৯ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি প্রাথমিক তদন্তে মিথ্যা বলে প্রতিয়মান হয়েছে। মূলত অপহরণের কোন ঘটনা ঘটেনাই।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৬। রূপনগর থানার মামলা নং ০৭, তাং ০৫/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ধারাঃ ৯(১)/৯(৩) নাঃশিঃনিঃ দমন আইন ২০০০ (সংশোধনী ২০০৩)

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র গণধর্ষণ মামলার ঘটনায় ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ০১ জন আসামী পলাতক রয়েছে।

<u>সিদ্ধান্ত ঃ</u> (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৭। পল্লবী থানার মামলা নং ১৯, তাং ০৮/০৪/১৮খ্রিঃ, ধারাঃ ধারাঃ ৯(৩) নাঃশিঃনিঃ দমন আইন ২০০০(সংশোধনী ২০০৩)

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র গণধর্ষণ মামলার ঘটনায় ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ভিকটিমের ডিএনএ প্রোফাইলিং ও ভ্যাজাইনাল সোয়াব সংরক্ষণ করা হয়েছে।

<u>সিদ্ধান্ত ঃ</u> (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে মামলা তদন্তের পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার জন্য আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া আরো ভালভাবে মামলা তদন্তে মনোনিবেশ করার পরামর্শ দেন। ঢাকা মহাগনর এলাকায় ছিনতাই প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয়। নগরবাসীর মনে স্বস্তি দেওয়ার জন্য অবশ্যই রাস্তায় ছিনতাই প্রতিরোধ করতে হবে। যে সকল মামলাগুলির রহস্য এখন পর্যন্ত উদঘাটিত হয়নি সে সকল মামলাগুলির রহস্য অতি শীঘ্রই উদঘাটন করার লক্ষ্যে সকলকে আন্তরিকতার সহিত কাজ করার নির্দেশ প্রদান করা হয়। রমনা/লালবাগ/ওয়ারী/মতিঝিল/তেজগাঁও/মিরপুর/গুলশান/উত্তরা বিভাগে গত **এপ্রিল, ২০১৮খ্রিঃ** মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা, অপহরণ ও গণধর্ষণ মোট ৩৭ টি মামলা সম্পর্কে আলোচনা হয়। তন্মধ্যে ০৮ টি মামলা ডিএমপি মনিটরিং সেলের অন্তর্ভুক্ত করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ও
সভাপতি
মামলা তদন্ত মনিটরিং কমিটি

স্মারক নং ডিএমপি (সংদঃ)/অপরাধ/মঃ সেল/৩৯-২০১৮/অংশ-৪/ তারিখঃ -০৫-২০১৮খ্রিঃ।

<u>অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

১। উপ-পুলিশ কমিশনার (রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা/ডিবি-উত্তর/পশ্চিম/পূর্ব/দক্ষিণ/সিরিয়াস ক্রাইম/অপরাধতথ্য ও প্রসিকিউশন) বিভাগ, ডিএমপি, ঢাকা।
২। এসি (রমনা/ধানমন্ডি/ওয়ারী/ডেমরা/শ্যামপুর/মতিঝিল/খিলগাঁও/সবুজবাগ/কোতয়ালী/বাড্ডা/ক্যান্টনমেন্ট/পল্লবী/মিরপুর/দারুসসালাম/মোহাম্মদপুর/দক্ষিণখান) ডিএমপি, ঢাকা।
(১–২: **অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।**)
৩। পি এ টু পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
৪। পি এ টু অতিঃ পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ডিএমপি, ঢাকা।
৫। পি এ টু যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম/ডিবি), ডিএমপি, ঢাকা।
(৩–৫: **অবগতির জন্য।**)
৭। অফিস নথি।

(শেখ নাজমুল আলম, বিপিএম-বার,পিপিএম-বার)
বিপি-৬৫৯৮০০৯৩২২
যুগ্ম পুলিশ কমিশনার (ক্রাইম)
কমিশনারের পক্ষে
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ফোন-৯৩৫৬৪৭২, ফ্যাক্স-৮৩১৮২১০
ই-মেইল ঃ <u>jccrime@dmp.gov.bd</u>